

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

বিজ্ঞপ্তি

নং পরীক্ষা/সিইটি-৩০০৩

তারিখ : ০৬/০২/২০১৬

সকল ছাত্র-ছাত্রীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, সম্প্রতি কিছু ছাত্র-ছাত্রীর মধ্যে ক্যালকুলেটরের cover ও back-এ নকল লিখিয়া আনার প্রবনতা লক্ষ্য করা যাইতেছে। এ ব্যাপারে আরো অধিক সতর্ক হওয়ার জন্য এবং প্রয়োজনের অতিরিক্ত ক্যালকুলেটর পরীক্ষার হলে না আনার জন্য ছাত্র-ছাত্রীদেরকে নির্দেশ প্রদান করা হইল।

সকল ছাত্র-ছাত্রীর অবগতির জন্য আরো জানানো যাইতেছে যে, পরীক্ষার হলে মোবাইল ফোন সংগে রাখা শাস্তিযোগ্য অপরাধ। পরীক্ষার হলে মোবাইল ফোন সংগে না রাখার জন্য নির্দেশ প্রদান করা হইল। যদি কেহ মোবাইল নিয়া আসে তবে ফোনটি switch off করিয়া ব্যাগে রাখিবে অথবা নিজ দায়িত্বে শিক্ষকের সামনের টেবিলে রাখিবে।

এতদসংক্রান্ত নির্দেশ অমান্যের জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে ১১-০৭-২০১৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৪১৬তম অধিবেশনে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে। উক্ত একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তের এতদসংশ্লিষ্ট ২নং ও ১০নং ধারা নিম্নে উদ্ধৃত করা হইল।

২। “পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর নিকট পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংক্রান্ত কোন লিখিত কাগজ বা কোন electronic মাধ্যম (mobile phone, digital diary ইত্যাদি) থাকা অপরাধ। পরীক্ষার্থীর নিকট এইরূপ কোন কাগজ বা electronic মাধ্যম পাওয়া গেলে অথবা এইরূপ কোন সূত্র হইতে নকল করিলে বা নকল করিবার চেষ্টা করিলে (ক) পরীক্ষার্থীর নিকট পাওয়া লিখিত ঐ কাগজ বা electronic মাধ্যম বাজেয়াপ্তকরণ; (খ) পরীক্ষার্থীকে তৎক্ষণাৎ পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার; (গ) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (ঘ) পরীক্ষার্থীকে দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।”

১০। “পরীক্ষার্থীর দেহের কোন অংশে অথবা পরীক্ষার্থী কর্তৃক ব্যবহৃত চেয়ার, ডেস্ক, instrument box, স্কেল, ইত্যাদিতে পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কোন রকম লেখা থাকা অপরাধ। এইরূপ লেখা পাওয়া গেলে ঐ পরীক্ষার্থীর (ক) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (খ) বিশ্ববিদ্যালয় হইতে দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বহিষ্কার করা হইবে।”

  
6-2-2016

(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিইটি-৩০০৩(৬০)

তারিখ : ০৬/০২/২০১৬

অনুলিপি :

- ১। সকল ডীন, প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, প্রঃ বিঃ, ঢাকা
- ৩। সকল পরিচালক, প্রঃ বিঃ, ঢাকা